

# যুগান্তর

প্রিন্ট: ২৭ ফেব্রুয়ারি ২০২৫, ০৯:৪৬ এএম

শিক্ষাঙ্গন

## বুয়েটের ভর্তি পরীক্ষার ফল প্রকাশ, ভর্তি শুরু ১০ মার্চ



যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ২৭ ফেব্রুয়ারি ২০২৫, ০১:৪২ এএম



Vanilla 22

এখন সাইন আপ করুন



ফাইল ছবি

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) ২০২৪-২৫ শিক্ষাবর্ষে প্রথমবর্ষের মূল ভর্তি পরীক্ষার ফল প্রকাশ হয়েছে। বুধবার (২৬ ফেব্রুয়ারি) রাতে বুয়েটের ওয়েবসাইটে এ ফল প্রকাশ করা হয়।

প্রকাশিত ফলাফলে মেধাতালিকায় স্থান পাওয়াদের ভর্তি কার্যক্রম ১০ মার্চ থেকে শুরু হবে। ভর্তির বিস্তারিত তথ্য বুয়েট ওয়েবসাইট ([www.buet.ac.bd](http://www.buet.ac.bd)) থেকে জানা যাবে।

বুয়েটের সিনিয়র সহকারী পরিচালক (তথ্য) মো. শফিউর রহমানের সই করা সংবাদ বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে জানানো হয়, মূল ভর্তি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রাথমিকভাবে নির্বাচিত এবং অপেক্ষমাণ প্রার্থীদের তালিকা বুয়েট ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। একই সঙ্গে মেধাতালিকা ও পছন্দক্রম অনুসারে প্রার্থীদের বিভাগ বণ্টনও প্রকাশ করা হয়েছে।